22 MAY 2016

তারিখ ... 22 MAY 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

সমকাল

# সিএ পড়তে ছাড় পাবেন ঢাবি শিক্ষার্থীরা

■ সমকাল প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পাস করা ছাত্রছাত্রীরা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি (সিএ) পড়তে চাইলে বিশেষ ছাড় পাবেন। আর্থিক ছাড়ের পাশাপাশি সাবজেক্ট বা বিষয়ের শর্ত শিথিল করা হবে। গতকাল শনিবার 'চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি : ক্যারিয়ার এক্সিলেন্স' শীর্ষক এক সেমিনারে এ ঘোষণা দিয়েছেন ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশের (আইসিএবি) সভাপতি কামরুল আবেদিন। যৌথভাবে এ সেমিনারের আয়োজন করে আইসিবিএবি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফাইন্যান্স বিভাগ। বিভাগের কনফারেন্স হলে এ সেমিনার অনুষ্ঠিত হয়। অন্যান্যের মধ্যে সেমিনারে অংশ নেন ঢাবির বিজনেস স্টাডিজ বিভাগের ডিন অধ্যাপক শিবলি রুবাইয়াৎ উল ইসলাম, ফাইন্যান্স বিভাগের চেয়ারম্যান মো. কিসমাতুল আহসান, আইসিএবির সহসভাপতি মাহমুদুল হাসান খসরু, কাউন্সিল সদস্য এএফ নেসারউদ্দিন প্রমুখ।

যুক্তরাজ্যের শেয়ারবাজারে তালিকাভুক্ত কোম্পানিগুলোর বেশিরভাগের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট। এমন তথ্য উল্লেখ করে আইসিএবি সভাপতি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনেক ছাত্রছাত্রী সিএ পড়ছে এমনকি এদের অনেকেই দেশে-বিদেশের স্বনামখ্যাত ও বহুজাতিক কোম্পানিতে উচ্চ পদে চাকরি করছে। দেশের অর্থনৈতিক কর্মকাণ্ড বাড়ার প্রেক্ষাপটে নতুন নতুন কোম্পানি গঠিত হচ্ছে। এতে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টদের চাহিদা বাড়ছে। এ অবস্থায় মেধাবী শিক্ষার্থীদের এ পেশায় আগ্রহী করতে ঢাবির শিক্ষার্থীদের বিষয়ে আর্থিক ছাড় প্রদান করবে।